

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৮.২১৫.১৪- ১১৮

তারিখঃ-৩/০১/২০১৬খ্রিঃ।

## ভর্তি বিজ্ঞপ্তি

জেগেছে যুব, জেগেছে দেশ, লক্ষ্য ২০৪১-এ উন্নত বাংলাদেশ।

আপনি কি ১৮-৩৫ বছরের কর্মদ্যোগী যুব, তাহলে যুব উন্নয়ন অধিদপ্তর হতে ক্যাটারিং (ফুড এন্ড বেভারেজ প্রডাকশন) বিষয়ক প্রশিক্ষণ কোর্স গ্রহণ করে দেশে বিদেশে চাকরীর সুযোগ নিন

দেশের বেকার যুবদের কর্মসংস্থান এবং আত্মকর্মসংস্থানের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরের শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, সাভার, ঢাকায় শুরু হতে যাচ্ছে আন্তর্জাতিক মানের ক্যাটারিং (ফুড এন্ড বেভারেজ প্রডাকশন) বিষয়ক প্রশিক্ষণ কোর্স। উক্ত কোর্সে ভর্তির জন্য বর্ণিত নিয়মাবলী অনুসরণপূর্বক আগ্রহী বেকার যুবক ও যুবমহিলাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

নং	প্রশিক্ষণ কোর্সের নাম	কোর্সের মেয়াদ	আসন সংখ্যা	দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ	শিক্ষাগত যোগ্যতা	সাক্ষাৎকারের তারিখ	সাক্ষাৎকারের স্থান
০১.	ক্যাটারিং (ফুড এন্ড বেভারেজ প্রডাকশন) বিষয়ক প্রশিক্ষণ কোর্স	৬ মাস (৩৬০ ঘন্টা)	সর্বোচ্চ ২৫ জন	১২-০১-২০১৬	সর্বনিম্ন এস,এস,সি বা সমমানের পাশ	১৩-০১-২০১৬	শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, সাভার, ঢাকা (জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বিপরীতে)

### দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি :

- ১) বর্ণিত কোর্সে ভর্তির জন্য কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, পোঃ ডেইরী ফার্ম, সাভার, ঢাকা বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে।
- ২) প্রশিক্ষণ শুরুর তারিখ ১৭-০১-২০১৬ খ্রিঃ।
- ৩) বর্ণিত কোর্সে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮-৩৫ বছর এবং বেকার যুবক ও যুবমহিলা হতে হবে।
- ৪) আবেদনপত্রে (ক) নাম (খ) পিতার নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) শিক্ষাগত যোগ্যতা (ছ) জাতীয়তা (জ) ধর্ম (ঝ) জন্মতারিখ (ঞ) বয়স (দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখে) উল্লেখ করতে হবে।
- ৫) আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতা ও বয়স প্রমানের প্রত্যয়ন পত্র (খ) ভোটার আইডি কার্ড বা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর কমিশনার/জন্ম নিবন্ধন সনদপত্র/ প্রথম শ্রেণীর সরকারী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (গ) সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে। সাক্ষাৎকার গ্রহণের সময় মূল সনদপত্রসমূহ সংগে আনতে হবে।
- ৬) সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে ও স্থানে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে সকাল ৯.০০ ঘটিকায় হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. দেয়া হবে না।
- ৭) ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

**প্রশিক্ষণের শর্তাবলীঃ**

- (১) ভর্তি ফি ৩০০০/- (তিন হাজার) টাকা (অফেরতযোগ্য)।
- (২) প্রশিক্ষণ কোর্সটি অনাবাসিকভাবে পরিচালিত হবে। তবে বিনা ভাড়ায় যুব প্রশিক্ষণ কেন্দ্রের হোস্টেলে থাকার সুবিধা রয়েছে (খাবার ব্যতীত)।
- (৩) কেন্দ্র কর্তৃক নির্ধারিত 'ড্রেসকোড' মেনে চলতে হবে।
- (৪) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃংখলা বাধ্যতামূলক ভাবে মেনে চলতে হবে।

**প্রশিক্ষণ ও ভর্তির জন্য যোগাযোগ ঃ**

\* কোর্স কো-অর্ডিনেটর, জনাব মোঃ আরিফুর রহমান,  
প্রশিক্ষক(মৎস্য), যুব প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।  
মোবাইল ঃ ০১৭১৯৫৯৪১১২।


স্বাক্ষরিত/-  
(মাসুদা আকন্দ)  
উপ-পরিচালক(প্রশিক্ষণ)

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৭.৩৮.২১৫.১৪- ১১৮

তারিখঃ-৩/০১/২০১৬খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

- ১। পরিচালক/প্রকল্প পরিচালক.....(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৪। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাননীয় উপমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৬। যুগ্ম সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্ম সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৭। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা জেলা।
- ৮। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাভার, ঢাকা।
- ৯। সহকারী পরিচালক, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে ভর্তি বিজ্ঞপ্তিটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১১। অফিস কপি।

  
(ফাতেমা বেগম)  
সহকারী পরিচালক(প্রশিক্ষণ)  
ফোনঃ ৯৫৫৩২৮৩।